



নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganjps2@gmail.com



স্মারক নং-২৭.১২.৬৭৬৮.৫৭৯.০১.০৩৮.২৩- ২১৬০

তারিখ ১৫/০৬/২০২৩খ্রিঃ।

দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

নারায়ণগঞ্জ পবিস-২ এর জন্য সমিতির নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্ন বর্ণিত মালামাল ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের খ্যাতিমান উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

দরপত্র নং	ক্রমিক নং	বিবরণ	মালামালের পরিমাণ	দাখিলকৃত উদ্ধৃত মূল্য	
				একক মূল্য	মোট মূল্য
৫৫/২২-২৩	০১	16 Line PABX Intercom Machine	01 Set.		
		Caller ID Intercom Set Brand: Panasonic or Equivalent	08 Set		
		Modular Box, DB Box, Cable Clip, Rj-45 Connector Jack & Extension Cable	01 Lot		
		02 Pair Intercom Cable	02 Coil		
		Installation & Commissioning Charge	01 Job		
				মোট মূল্য	
				ডিসকাউন্ট (যদি থাকে)	
				সর্বমোট মূল্য	


শর্তাবলীঃ

- ০১। দরপত্র আগামী ২২/০৬/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা ফেলিতে হইবে এবং প্রাপ্ত দরপত্র সমূহ একই দিনে বেলা ১১.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হইবে না।
- ০২। দরপত্রের খামের উপরে “ইন্টারকম সিস্টেম ক্রয় ও স্থাপন” দরপত্র কথাটি স্পষ্টাক্ষরে লিখিতে হইবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করিতে হইবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হইবে না।
- ০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করিতে হইবে।
- ০৫। দরপত্র দাখিল এবং মালামাল সরবরাহ পূর্বক স্থাপন করিতে হইবে এবং দর বর্তমান বাজার মূল্যের সহিত সংগতিপূর্ণ হইতে হইবে।
- ০৬। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে মালামাল নিজ খরচে নিজ দায়িত্বে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর সদর দপ্তরে পৌছাতে হইবে। বর্ণিত সময়সীমার মধ্যে পাচরুখী সাব-জোনাল অফিসে স্থাপন করিতে হইবে।
- ০৭। সরবরাহকৃত “ইন্টারকম সিস্টেম” মালামালের উপরের ০১ বৎসরের পূর্ণ ওয়ারেন্টি প্রদান করিতে হইবে।
- ০৮। বিল প্রদানের সময় নিরাপত্তা জামানত হিসাবে মোট বিলের ১০% অর্থ কর্তন করিয়া রাখা হইবে, যাহা মালামালের গুণগতমান অক্ষম থাকা সাপেক্ষে এবং সন্তোষজনকভাবে ০১ বছর ওয়ারেন্টি পিরিয়ড অতিক্রান্ত হওয়া সাপেক্ষে ফেরত প্রদান করা হইবে।
- ০৯। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে মালামাল নিজ খরচে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এ পৌছাতে হইবে। মালামাল সরবরাহে বিলম্ব ঘটিলে সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তিমূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নিবন্ধ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হইবে।
- ১০। মালামাল সরবরাহের পর পবিস কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুণগত মান যাচাই করা হইবে। সরবরাহকৃত মালামালের গুণগত মান মানসম্পন্ন না হইলে সমিতি কর্তৃক কোন ক্রমেই গ্রহন করা হইবে না।
- ১১। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে এবং

R


১৫/০৬/২৩

- ১২। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করিতে হইবে।
- ১৩। নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১৪। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।


(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম (কারিগরি) সদর দপ্তর/পূর্বাচল/আড়াইহাজার/গোপালদী জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৬। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৭। এজিএম (অর্থ-হিসাব/সদস্য সেবা/ইএন্ডসি/ওএন্ডএম), নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৮। মেসার্স.....।
- ০৯। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-২।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।


15.06.23
(ইন্দ্রজিত চন্দ্র)
এজিএম(প্রশাসন)